

শিক্ষা ভবনের ভাবমূর্তি কাজ্জিকত পর্যায়ে নিতে হবে: শিক্ষামন্ত্রী

বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার উদ্বোধন

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম বলেছেন, শিক্ষা ভবনের ভাবমূর্তির পরিবর্তন হয়েছে। তবে এ ধারাকে কাজ্জিকত পর্যায়ে নিতে হবে।

বৃহস্পতিবার শিক্ষা ভবনে বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার এবং শিক্ষা ভবন লাইব্রেরি উদ্বোধন, জাতীয় শিক্ষানীতির আলোকে প্রণীত প্ল্যানের এবং 'মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর: অতীত ও বর্তমান' শীর্ষক গ্রন্থের প্রকাশনা উদ্বোধন তিনি প্রধান অতিথির বক্তব্য রাখেন।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক প্রফেসর নোমান উর রশীদের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী হাসানুল হক ইনু, শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের জৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমানে সরকার দায়িত্ব নেয়ার ওরফতে শিক্ষা ভবন ছিল দুর্নীতি, অনিয়ম, বিশৃঙ্খলার শীর্ষে। আমরা ভাবমূর্তি পরিবর্তনের লক্ষ্যে একে বহু দক্ষ, দুর্নীতিমুক্ত ও গতিশীল করার আদ্যন জানিয়েছিলাম। শুধু বাস্তবিক চাকচিক্য নয় কর্তৃকর্তাদের নাইডসেট পরিবর্তন, কাজের পরিবেশ ও সেবার মান উন্নত করতে বলেছিলাম। ইতিমধ্যে অনেকটা পরিবর্তন এসেছে।